ঢাকা বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি

আকিজ-মনোয়ারা শিক্ষা সহায়তা বৃত্তি: ২০২৫-২০২৬

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আকিজ-মনোয়ারা শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ ১ম বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্য হতে মেধাবী কিন্তু আর্থিক ভাবে অসচ্ছল ১৮৭ (একশত সাতাশি) জন শিক্ষার্থীদের জনপ্রতি প্রতিমাসে ৪,০০০/- (চার হাজার) টাকা করে এক বছরের জন্য বৃত্তি প্রদান করবেন। উক্ত বৃত্তির আবেদন ফর্ম ১৫/১১/২০২৬ তারিখ হতে রেজিস্ট্রারের অফিস কক্ষ নং ২০৭ (খ) বৃত্তি শাখা অথবা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **www.du.ac.bd** থেকে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে। আবেদনের সাথে উল্লেখিত প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে আগামী ০৯/১২/২০২৬ তারিখের মধ্যে রেজিস্ট্রারের অফিস শিক্ষা-৫ শাখায় (কক্ষ নং ২০৭/খ) জমা দিতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদনপত্র জমা নেয়া হবে না।

আবেদনের শর্তাবলী:

১। আবেদনকারীর পাসপোর্ট সাইজের এক কপি ছবি।
২। জাতীয় পরিচয়পত্র (NID) অথবা জন্ম সনদপত্রের ফটোকপি।
৩। প্রত্যয়ন পত্র (বিভাগ/ ইনস্টিটিউট থেকে)।
৪। অভিভাবকের আয়ের সনদের ফটোকপি।
৫। আবেদন ফর্মে বিভাগ/ইনস্টিটিউট প্রধানের স্বাক্ষর ও সীল।
৬। এইচ. এস. সি. মার্কশীটের ফটোকপি।
৭। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি স্লিপের ফটোকপি।
৮। শারীরিক প্রতিবন্ধী/ দৃষ্টি প্রতিবন্ধী সনদপত্র (যদি থাকে)।

আপনার বিশ্বস্ত

(শিউলি আফছার) ২২/১১/২৬
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)
ঢাকা বিশ্ববিদ্যালয়।

স্মারক নং-রেজিঃ/শিক্ষা-৫/২০৭ (খ)/ ৩৭৩৬৯ - ৯৮ তারিখঃ ২৬/৭ /১৪৩৩
২২/১১ /২০২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ